

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৭০.০২২.২৬৫.২০১২(অংশ-১)-৭০৮—বাংলাদেশ গেজেটের ২৮ জুন, ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এস, আর, ও নং ২০১-আইন/২০১৬।—নং প্রজ্ঞাপনমূলে তেজগাঁও উন্নয়ন সার্কেলের অন্তর্ভুক্ত বেরাইদ, বাড়া, ভাটারা, সাতারকুল, হরিরামপুর, উত্তরখান, দক্ষিণখান ও ডুমনী ইউনিয়ন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে এবং শ্যামপুর, মাতুয়াইল, ডেমরা, দনিয়া, সারুলিয়া, দক্ষিণগাঁও, নাসিরাবাদ ও মান্ডা ইউনিয়নকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে অন্তর্ভুক্ত করে দুইটি সিটি কর্পোরেশনকে সম্প্রসারণ করা হয়েছে। আগামী ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২৯ ও ৩০ ধারার মোতাবেক উক্ত নতুন এলাকাসমূহকে যথাক্রমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ডভিত্তিক পুনর্বিন্যাস করে ওয়ার্ডভিত্তিক সীমানা নির্ধারণের জন্য একই আইনের ২৮ ধারার বিধানমতে জেলা প্রশাসক, ঢাকাকে সীমানা নির্ধারণ কর্মকর্তা এবং নিম্নোক্ত কর্মকর্তাগণকে সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হ'ল :

- | | |
|--|------------------------------------|
| ১. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা | - সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা |
| ২. প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা | - সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা |
| ৩. প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা | - সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা |
| ৪. সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা | - সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা |
- ২। এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল।

খলিল আহমদ
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১২৭৫৯)

মূল্য : টাকা ৪.০০